

ছায়া

অনেক দিন পর
তোমাকে দেখে মনে হলো আজ
পৃথিবী ছেয়ে আছে রৌদ্র;
মাটি ফাটা রৌদ্র; চৌচির ভালোবাসা
এবং এই রৌদ্রে তুমি ঘনিয়ে এনেছো
ছায়া; বিস্তৃত ছায়া আমার জীবনে।

হঠাৎ ছায়া ঘনায়
আঁধার ছেয়ে যায়
অধিকতর ছায়ায় ।

হঠাৎ এই দেখায় শংকা জাগে
তুমি হয়তো চলে যাবে একদিন,
আলো আর ছায়ার খেলায়
আমার পাশ ছেড়ে চলে যাবে একদিন;
আর আমার জীবনে ফিরে আসবে রৌদ্র ।

আজ আবার এই মনকে বোঝালাম,
নিজেকে বোঝালাম ।
বুঝে নেব, হয়তো' বা আবার ভেবে নেব
কি পেলাম; আমি কি হারালাম ।

আমি ভেবে নেব; বুঝে নেব
যে তুমি আমার জীবনে ছিলে
এক আকাশ ছেয়ে যাওয়া শীতল ছায়া।

জাভেদ আকতার
প্রথমকবিতা@জিমেইল.কম